



চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail: mayor16cp@gmail.com

তারিখঃ ২৭/০৫/২০১৬ইং।

” UGIIP-3 1st Phase‘র ইসলাম পাড়া মোড় হতে পশুহাট পাড়া মোড় পর্যন্ত রাস্তা পিচ করণ কাজের শুভ উদ্বোধন করেন-পৌরসভার মেয়র, জনাব ওবায়দুর রহমান চৌধুরী জিপু ”

অদ্য ইং ২৭/০৫/২০১৬ তারিখ রোজ শুক্রবার বেলা ১১.০০ ঘটিকায় তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (ইউজিআইআইপি-৩), Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-3) প্রকল্পের আওতায় চুয়াডাঙ্গা পৌর এলাকায় ইসলাম পাড়া মোড় হতে পশুহাট পাড়া মোড় পর্যন্ত রাস্তা পিচ করণ কাজের শুভ উদ্বোধন করেন- পৌরসভার মেয়র, জনাব ওবায়দুর রহমান চৌধুরী জিপু উদ্বোধন কালে উপস্থিত ছিলেন-৪,৫,৬ নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাবা সুলতানা আরা রত্না, পৌরসভার, সহকারী প্রকৌশলী মোঃ হাফিজুর রহমান কাওছার, প্রকল্পের উপ-সহকারী প্রকৌশলী মোছাঃ নাছরিন সুলতানা সীমা ও আব্দুল কাদের এবং সংশ্লিষ্ট কাজের ঠিকাদারী প্রতিষ্ঠান এসকেএন (SKN Joint Venture) জয়েন্ট ভেনশ্বর এর লিড পার্টনার নুরুজ্জামান (জামান) সহ ইসলাম পাড়া এলাকার বাসিন্দাগণ। চুয়াডাঙ্গা পৌরসভাকে উন্নত আধুনিক করার লক্ষ্যে মেয়র, জনাব ওবায়দুর রহমান চৌধুরী জিপু আশ্রয় চেষ্টা করে চলেছেন। রাস্তাটি সংস্কার হওয়ায় হাজারহাট-তালতলা এলাকার কৃষি পণ্য বাজারজাত করন সহ শিক্ষার্থী ও অত্র অঞ্চলের সকল বাসিন্দাদের চলাচলের সুবিধা হবে। কাজের মান ভাল হওয়ার জন্য এলাকাবাসী মেয়র জনাব ওবায়দুর রহমান চৌধুরী জিপু কে সাধুবাদ দেন। মেয়র জুম্মার নামাজ পর্যন্ত নিজে উপস্থিত থেকে কাজ তদারকি করেন এবং দিক নির্দেশনা দেন। পুনরায় বিকাল ৪.২০মিনিটের সময় মেয়র কাজ তদারকির জন্য যান এবং কাজ শেষ পর্যন্ত সাইটে অবস্থান করেন।



সময়মত পৌরকর পরিশোধ করুন। সময়মত পানির বিল পরিশোধ করুন। আপনার শিশুকে টিকাদিন।